## তুষার (চলছে)

— আপনি যদি নিজের রোডওয়ে সেটআপ সরাতে বা একত্রিত করতে না পারেন, তাহলে তুষার সরানোর কাজের কারণে আপনার সম্পদকে ক্ষয়ক্ষতি থেকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণে আপনাকে উৎসাহ দেওয়া হয়। স্যানিটেশন বিভাগ (Department of Sanitation, DSNY) প্রশিক্ষণ মহড়ার ব্যবস্থা করেছে, যেখানে সংকীর্ণ রাস্তার উভয়দিকে রোডওয়ে সেটআপের তুষার সরানো অন্তর্ভুক্ত। যাতে DOT বসার ব্যবস্থার মানদণ্ড পূরণ করে এবং রাস্তা পরিষ্কার এবং প্রবেশযোগ্য হয় তার জন্য DSNY রেস্টুরেন্টগুলিতে উদ্দিষ্ট পরিষেবা প্রদানের ব্যবস্থা করবে।

- আপনার সেটআপের জিনিস সরানো থাকলে তার দৃশ্যমানতা বৃদ্ধির জন্য আপনার স্নো স্টিকগুলি ব্যবহার করুন
- আপনি Notify NYC-এর মাধ্যমে তুষার পাতের সতর্কতা এবং তুষার পাত সম্পর্কিত সমস্ত আপডেট পেতে সাইন আপ করতে পারেন। Notify NYC-এর জন্য সাইন আপ করতে 311 নম্বরে কল করুন, nyc.gov/notifynyc দেখুন বা Twitter-এ @NotifyNYC অনুসরণ করুন

## রেস্টুরেন্টের মালিকরা

- কোনো মিটারে পরিমিত জোন, বিকল্প সাইড পার্কিং বা নো পার্কিং জোনের মধ্যে অবরোধ রেখে দিন, তবে যখন টেবিল এবং চেয়ার ব্যবহার হচ্ছে না তখন সেগুলিকে সরিয়ে রাখতে পারেন
- ADA নির্দেশনা মেনে চলা সহজতর করতে, কার্ব বিপজ্জনক হওয়া আটকাতে ও বসার জায়গার নীচের দিকে ড্রেন করতে কার্বের উচ্চতা সমান করতে প্রয়োজনীয় অবরোধের পিছনের অনুমোদিত রাস্তার বসার জায়গায় প্ল্যাটফর্ম তৈরি করা যেতে পারে।
  - — এই প্ল্যাটফর্ম যেন বৃষ্টির পানি/জল অপসারণ ও ইউটিলিটি কভারের বায়ু চলাচল না আটকায়।
  - — এই প্ল্যাটফর্ম যেন ইউটিলিটি কভারের বায়ু চলাচল না আটকায়।

## সাধারণ

- অবশ্যই একটি DOHMH খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের অনুমতি সমেত গ্রাউন্ড ফ্লোর বা এক তলায় পাকা ইমারতের রেস্টুরেন্ট বা বার হতে হবে
- NYC উন্মুক্ত রেস্টুরেন্টের আবেদন ব্যক্তিগত সম্পত্তির (যেমন পিছনের উঠান, বহিঃপ্রাঙ্গণ) অন্তর্গত ব্যবহারগুলিকে আওতাভুক্ত করে না।
- ADA মেনে চলা আবশ্যক
- আবেদনকারীকে সমস্ত টেবিল, চেয়ার, অবরোধ ও র‍্যাম্পের ব্যবস্থা করতে হবে। ফুটপাথ এবং রাস্তাঘাটে কিছু লাগানো যাবে না
- টেবিল এবং চেয়ার ব্যবহার না করার সময় তুলে নিতে হবে অথবা সুরক্ষিত জায়গায় রাখতে হবে

## আবেদন

- ওয়েবসাইট: nyc.gov/openrestaurants
- দোকানকে অবশ্যই স্ব-প্রত্যয়ন করতে হবে যে আবেদনে বলা সমস্ত প্রয়োজনীয়তা মেনে চলা হয়েছে
- যদি উক্ত দোকানে মদ পরিবেশনের ইচ্ছা থাকে, যদি দোকান প্রয়োজনীয় SLA তথ্য প্রদান করে তাহলে NYC উন্মুক্ত রেস্টুরেন্টের আবেদন হল NY স্টেটের মদ্য-পানীয় কর্তৃপক্ষের (NY State Liquor Authority, SLA) বসে খাওয়ার লাইসেন্স এক্সটেনশনের ওয়ান-স্টপ-শপ।
- জমা দেয়ার পর অবলিম্বে উক্ত দোকানকে অনুমোদিত বা অস্বীকৃত করা হবে

## স্বাস্থ্য

- উক্ত দোকানকে অবশ্যই স্টেট ও সিটির স্বাস্থ্য বিভাগের সমস্ত প্রয়োজনীয়তা মেনে চলতে হবে
- **আউটডোর ও টেকআউট ডেলিভারি সম্পর্কে DOHMH-এর নির্দেশিকা**
- **নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের বহিরঙ্গনের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা**
- জনসাধারণকে অবশ্যই "প্রধান চারটি নিয়ম" অনুসরণ করতে হবে:

**1. মাস্ক পরুন**
**2. অসুস্থতা বোধ করলে বাড়িতে থাকুন**
**3. মানুষের সঙ্গে 6' দুরত্ব বজায় রাখুন**
**4. হাত ধুয়ে নিন**

## অতিরিক্ত সংস্থান

**ক্ষুদ্র ব্যবসা পরিষেবাদির হটলাইন: 888-SBS-4NYC**

ক্ষুদ্র ব্যবসার মালিকদের পুনরায় খোলার জন্য প্রস্তুতির সময় তাদের তরফ থেকে সবথেকে বেশি উঠে আসা প্রশ্নগুলির জন্য সিটি একটি ক্ষুদ্র ব্যবসার হটলাইন চালু করেছে। ক্ষুদ্র ব্যবসার আইনজীবী এবং অনুবর্তীতার উপদেষ্টারা হটলাইনটি নিরীক্ষণ করবেন এবং সর্বশেষ নির্দেশিকা এবং নিয়মবিধিগুলি ব্যবসার মালিকদের কাছে শেয়ার করার জন্য প্রস্তুত থাকবেন। হটলাইনে যোগাযোগ করতে 888-SBS-4NYC বা 888-727-4692 এ ডায়াল করুন

**উন্মুক্ত রেস্টুরেন্টের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী**

**NYC-এর রেস্টুরেন্ট পুনরায় খোলার গাইড**

**COVID-19 প্রকোপের প্রতিক্রিয়ায় লাইসেন্সপ্রাপ্ত দোকানগুলিতে আউটডোর ব্যবস্থার সম্প্রসারণ বিষয়ক NY স্টেট মদ/মাদক কর্তৃপক্ষের নির্দেশিকা**

**বাহ্যিক উন্নতি সাধন এবং বহনযোগ্য আসবাব সমেত প্রকোপ পরবর্তী পুনরায় খোলা যোগানের বাজার নিউ ইয়র্ক স্টেটের হট স্পট জোন**

এই লিঙ্কগুলি nyc.gov/openrestaurants` এখানে পাওয়া যাবে

# NYC OPEN রেস্টুরেন্ট

## বসার ব্যবস্থার মানদণ্ড

2021 ফেব্রুয়ারি

**নভেম্বর 13, 2020 তারিখ থেকে, বার ও রেস্টুরেন্টগুলোকে বসে খাওয়ার পরিষেবা প্রতিদিন রাত্রি 10 টা থেকে সকাল 5 পর্যন্ত বন্ধ রাখা প্রয়োজন। রাত্রি 10 টার পর, বার ও রেস্টুরেন্টগুলো কার্বসাইড পিকআপ বা ডেলিভারির জন্য খাবার নিয়ে যাওয়ার পরিষেবা প্রদান করতে পারবে কিন্তু অ্যালকোহল নিয়ে যাওয়ার পরিষেবা প্রদান করতে পারবে না।**

## ফুটপাথে বসার জায়গা


- বসার জায়গা ও টেবিল অবশ্যই যতটা সম্ভব দোকানের দেয়াল ঘেঁষে রাখতে হবে
- পথচারীদের জন্য অবশ্যই 8' ফাঁকা রাস্তা রাখতে হবে
- সংলগ্ন ব্যবসা থেকে অবশ্যই কমপক্ষে 3' দূরে হতে হবে
- ইউটিলিটি হার্ডওয়্যার বা সিয়ামিজ পানি/জল সংযোগ আটকে রাখা যাবে না
- বাস স্টপের অপেক্ষা করার জায়গা আটকে রাখা যাবে না
- ফাঁকা রাস্তার জন্য, পার্কিং মিটার, ট্রাফিক সাইন এবং ফ্ল্যাশ গ্রেটিং সহ গাছের (বেড়া না দেয়া) ছাড় আছে। উপরের সমস্ত গ্রেড স্ট্রাকচারগুলি প্রতিবন্ধক হিসাবে বিবেচনা করা হয়

## রাস্তাঘাটে বসার জায়গা

### রেস্টুরেন্টগুলি অবশ্যই:

- যাতায়াতের রাস্তা থেকে বসার জায়গা আলাদা করার জন্য রাস্তায় বসার চারপাশের মধ্যে তিন দিকেই একটি প্রতিরক্ষামূলক অবরোধ তৈরি করতে হবে। মোটর চালকের দৃশ্যমানতার জন্য ও ক্রেতাদের সুরক্ষার জন্য, রাস্তার বসার জায়গার এইসব অবরোধ তিন দিকেই অন্তত 18" চওড়া 30-36" লম্বা (গাছ বসানো বাদে) হতে হবে (বসার জায়গার মাপদণ্ডের ডায়গ্রাম দেখুন)
  - অবরোধগুলির নীচের ফিলার উপাদান ধরে রাখার জন্য সম্পূর্ণরূপে নির্মিত অভ্যন্তরীণ প্রাচীর দেয়া থাকতে হবে
  - সমস্ত 18 ইঞ্চির রাস্তার অবরোধ অবশ্যই মাটি বা বালি দিয়ে ভরাট করতে হবে
  - উপরের বাইরের প্রান্তগুলিতে অবিচ্ছিন্ন রিফ্লেক্টর টেপ অবশ্যই যুক্ত করতে হবে এবং ট্রাফিকের মুখোমুখি দুটি অবরোধের কোণে স্নো-স্টিক যুক্ত করতে হবে
  - যদি আপনার প্লাস্টিক পানি/জল ভর্তি করা অবরোধ থাকে, তাহলে সেটিকে আসন্ন ট্রাফিকের মুখোমুখি হওয়া আপনার অবরোধগুলোর ছোট প্রান্তে রাখুন। যাতে না জমে যায় তার জন্য এটিকে পানি/জল এবং 100 পাউন্ডের মতো খনিজ লবণ দিয়ে ভরাট করতে হবে
- ADA অনুসারে, র‍্যাম্পের ব্যবস্থা করুন, যা অ-স্থায়ী উপকরণ থেকে তৈরি করা যেতে পারে
- কোনো ফায়ার হাইড্রেন্টের 15' এর মধ্যে বসার ব্যবস্থা অথবা অবরোধ রাখা যাবে না! এর ফলে নিউ ইয়র্কবাসীদের অগ্নি সুরক্ষা বিঘ্নিত হবে
- গাড়ি যাতে মোড় ঘুরতে পারে ও ভীড় এড়াতে ক্রসওয়াকের 8'-এর মধ্যে কোনো বসার জায়গা বা বেড় দেয়া যাবে না
- এমন কোনো আলোর ব্যবস্থা করা যাবে না যা অতিক্রম করা যানবাহনের চোখ ধাঁধিয়ে দেয়
- কোনো বাস স্টপ, বাইক লেন, ট্যাক্সি স্ট্যান্ড, কার শেয়ার পার্কিংয়ের জায়গা, পেইন্টেড কার্ব এক্সটেনশন বা প্রসারিত ফুটপাথ, নির্ধারিত বাফার জোন (যাতায়াতের রাস্তা থেকে বাইক বা পার্কিং লেনকে আলাদা করে চিহ্নিত সাদা চিহ্নযুক্ত অঞ্চল) বা গাড়ি ঘোরানোর রাস্তার মধ্যে বসার জায়গা তৈরি করা যাবে না। নো স্ট্যান্ডিং জোনগুলিতে নিয়মগুলি কার্যকর থাকার সময়ে বাস স্টপে ততক্ষণ বসার ব্যবস্থা করা যেতে পারে যতক্ষণ অবরোধ, সিটিং ও র‍্যাম্প সরানো হয়েছে। রাস্তার ওপর বসার ব্যবস্থা অনুমোদিত ব্যবসায়িক প্রতিষ্ঠানের সামনে ফ্লোটিং পার্কিং লেন স্থাপন করা যেতে পারে। অতিরিক্ত বিবরণের জন্য **nyc.gov/openrestaurants** থেকে পরামর্শ নিন

## NYC উন্মুক্ত রেস্টুরেন্ট: বসার ব্যবস্থার মানদণ্ড




- টেবিল এবং চেয়ার ব্যবহার না করার সময় তুলে নিতে হবে অথবা সুরক্ষিত জায়গায় রাখতে হবে।
- NYC অগ্নি বিভাগের ওপেন ফ্লেম ও অন্যান্য প্রযোজ্য অগ্নি বিধিমালা অনুযায়ী লাগাতে হবে
- কাঠামো, তাঁবু বা ছাতা কোনোভাবেই গতিবিধির অধিকারের (রাইট অব ওয়ে) চিহ্ন বা রাস্তা নিয়ন্ত্রণের চিহ্নগুলি আড়াল করা যাবে না।

## ঘেরা দোওয়া জায়গা

যতক্ষণ পর্যন্ত বায়ু প্রবাহের জন্য কমপক্ষে দুটি খোলা দিক থাকছে ততক্ষণ নিউ ইয়র্ক স্টেটের আউটডোর ডাইনিং নির্দেশিকা অনুসারে অস্থায়ী বা স্থির আচ্ছাদনের ব্যবস্থা করার অনুমতি (অর্থাৎ ছাউনি, ছাদ বা তাঁবু) আছে।

— যদি দুটি (2) বা তারও বেশি দেয়াল খোলা থাকে এবং কমপক্ষে একটি রাস্তার সমান্তরাল হয়, যদি অঞ্চল/স্থানীয় বিধিনিষেধ দ্বারা সীমাবদ্ধ থাকে, তাহলে আপনি সমস্ত বা কিছু আউটডোর ডাইনিং নির্দেশিকা অনুসরণ করতে পারেন (যেমন, টেবিলের মাঝে 6', কোনো টেবিলে 10 জনের বেশি লোক বসবে না)।

— যদি তিন (3) বা আরো বেশি দেয়াল ব্যবহার করা হয়, তাহলে 25 শতাংশ পর্যন্ত বসে খেতে পারবে এবং ইন্ডোর ডাইনিংয়ের নির্দেশিকা মেনে চলতে হবে। যেখানে ইন্ডোর ডাইনিংয়ের অনুমতি নেই সেখানে, তিন (3) দেয়ালের কাঠামো ব্যবহার করা যাবে না

- প্লাস্টিকের গম্বুজগুলির মতো ঘেরা দেওয়া জায়গা স্বতন্ত্র পক্ষের জন্য অনুমোদিত এবং পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকতে হবে
- রাস্তার সেটআপের ক্ষেত্রে কেবল ইলেক্ট্রিক হিটার ব্যবহারের অনুমতি আছে

## তুষার

- সক্রিয় তুষার পাতের সতর্কতার সময়, যদি রাস্তায় খাওয়া বন্ধ রাখতে হয় তাহলে উন্মুক্ত রেস্টুরেন্টগুলিকে জানানো হবে। যখন রাস্তায় খাওয়া বন্ধ করা হয়:
  — তখন গ্রাহকরা রাস্তায় বসার জায়গায় বসতে পারবেন না। অনুগ্রহ করে টেবিল এবং চেয়ার সরান বা নিরাপদ করুন
  — রাস্তার ধারের সমস্ত দোকানের হিটার অবশ্যই সরাতে হবে
- সম্ভব হলে ওপরের আচ্ছাদন সরিয়ে ফেলতে হবে অথবা তুষার সতর্কতা বন্ধ না হওয়া অবধি নিয়মিত তুষার সরাতে হবে
- 12" বা তার বেশি তুষার পাতের পূর্বাভাস জানানো হলে:
  — কার্ব বরাবর যতটা সম্ভব ছোট ফুটপ্রিন্ট রাখতে আপনার রাস্তার সেটআপ সরান বা একত্রীকরণ করুন